ইনস্টিটিউট অব বায়োলজিক্যাল সায়েন্সেস
রাজশাহী বিশ্ববিদ্যালয়

বিজ্ঞপ্তি নং- ২৪/৩৫/(২০১৭-২০১৮)/ইবাসা **এম ফিল /পিএইচ ডি কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি** তারিখ ঃ ০৫.০২.২০১৭ ইং

শিক্ষাবর্ষঃ ২০১৭-২০১৮

ইনস্টিটিউট অব বায়োলজিক্যাল সায়েন্সেস (আইবিএসসি) রাজশাহী বিশ্ববিদ্যালয়-এ দুই বছর মেয়াদী এমফিল ও তিন বছর মেয়াদী পিএইচ ডি কোর্সে ভর্তির জন্য দরখাস্ত আহবান করা হচ্ছে। জীব ও ভূ-বিজ্ঞান, কৃষি, চিকিৎসা এবং বিজ্ঞান অনুষদের জীব বিজ্ঞানের গবেষণার সাথে সম্পৃক্ত যে কোন বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিপ্রাপ্ত ব্যক্তিগণ এই প্রোগ্রামে আবেদন করতে পারবেন। ভর্তিপ্রাপ্ত গবেষকগণ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক এমফিল ৪০০০/- (চার হাজার) টাকা এবং পিএইচ ডি ৫০০০/- (পাঁচ হাজার) টাকা মাসিক ফেলোশীপ পাবেন। আবেদনপত্রের সাথে সকল পরীক্ষার সনদপত্র ও মার্কস সার্টিফিকেটের ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। চাকুরীরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

চাকুরীরত প্রার্থীকে এমফিল কোর্সে গবেষণার জন্য ১(এক) বছর এবং পিএইচ ডি'র জন্য ২(দুই) বছরের ছুটি পাবেন মর্মে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট থেকে সম্মতিপত্র অবশ্যই আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

ক. এমফিল কোর্সে ভর্তির যোগ্যতা ঃ

১. প্রার্থীর অবশ্যই এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষার সনাতন পদ্ধতিতে যে কোনো একটিতে নূন্যতম প্রথম বিভাগ অন্যটিতে ন্যূনতম দ্বিতীয় বিভাগ অথবা গ্রেডিং পদ্ধতিতে উভয় পরীক্ষার প্রতিটিতে ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ৪.২৫ থাকতে হবে।

এবং

২. বিজ্ঞান/জীব ও ভূ-বিজ্ঞান/কৃষি অনুষদভুক্ত বিভাগসমূহ থেকে উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের ক্ষেত্রে বিএস-সি (অনার্স)/বিএস-সি এজি (অনার্স)/সমমান এবং এম.এস-সি/সমমান পরীক্ষার সনাতন পদ্ধতিতে উভয় পরীক্ষার যে কোন একটিতে ন্যূনতম ৫৫% নম্বর থাকতে হবে অথবা গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৪ স্কেলের মধ্যে উভয় পরীক্ষার একটিতে ন্যূনতম সিজিপিএ ৩.২৫ থাকতে হবে।

অথবা

৩. এমবিবিএস/বিডিএস/ব্যাচেলর অব ইউনানি মেডিসিন এ্যান্ড সার্জারী/ব্যাচেলর অব আয়ুর্বেদিক মেডিসিন ও সার্জারী পাশ প্রার্থীদের ক্ষেত্রে ন্যূনতম ৬০% নম্বর থাকতে হবে। ডিভিএম পরীক্ষায় উত্তীর্ণদের ক্ষেত্রে সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৬০% নম্বর অথবা গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৪ স্কেলের মধ্যে উভয় পরীক্ষায় ন্যূনতম সিজিপিএ-৩.৫০ থাকতে হবে।

অথবা

৪. যে সকল প্রার্থী উপরের বর্ণিত ২ ও ৩-এর জন্য শিক্ষাগতযোগ্যতার কোন একটি শর্ত পূরণ করেন না, তাঁরা এমফিল প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারবেন, যদি তাঁদের ডিগ্রী পর্যায়ে (ক) পাবলিক বিশ্ববিদ্যালয়ে/বেসরকারী বিশ্ববিদ্যালয়ে (বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক অনুমোদিত)/সরকারী কলেজে ৩ (তিন) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা; অথবা (খ) অনার্স পর্যায়ে বেসরকারী ডিগ্রী কলেজে অনার্স শ্রেণীতে ৩ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা অথবা (গ) কোন স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে ৩ বছরের গবেষণা কাজের অভিজ্ঞতা এবং সেই সাথে (গ)-এর ক্ষেত্রে কোন স্বীকৃত জার্নালে ন্যূনতম ২(দুই) টি গবেষণা নিবন্ধ প্রকাশিত থাকতে হবে। এম.বি.বি.এস/বি.ডি.এস.-র ক্ষেত্রে সরকারী মেডিকেল কলেজ/সরকারী হাসপাতাল/সরকার অনুমোদিত বেসরকারী হাসপাতাল/সরকার অনুমোদিত বেসরকারী মেডিকেল কলেজ/সরকারী মাতৃকমপেৱক্স/স্বাস্থ্য কমপেৱক্স/শিক্ষকতা/মেডিকেল অফিসার/চিকিৎসক/প্রশাসক হিসাবে দেশ/বিদেশে ৩ বছরের চাকুরীর অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীরা আবেদন করতে পারবেন। তবে, শিক্ষা জীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণী/সিজিপিএ ৩.০০-এর কম থাকলে ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবেন। এই উপধারার অধীনে এমফিল প্রোগ্রামে ভর্তির অনুমতিপ্রাপ্ত প্রার্থীগণ পিএইচ ডি প্রোগ্রামে স্থানান্তিত হতে পারবেন না।

খ. পিএইচ ডি কোর্সে ভর্তির যোগ্যতা ঃ

প্রার্থীর এমফিল বিধির (১) ও (২)-এর ভর্তির যোগ্যতাসহ অবশ্যই এমফিল/সমমান ডিগ্রি থাকতে হবে। তবে, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ পিএইচ ডি প্রোগ্রামে ভর্তির জন্য সরাসরি প্রাথমিক আবেদনপত্র জমা দিতে পারবেন।

অথবা

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ব্যতীত প্রার্থী যদি উপর্যুক্ত এমফিল বিধির (ক-এর ১, ২ ও ৩-এ বর্ণিত) শিক্ষাগত যোগ্যতা থাকে এবং তিনি বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/সরকারী বৃত্তি অর্জন করেন, তাহলে তারা পিএইচ ডি প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতেন পারবেন।

অথবা

এমফিল বিধির (১), (২) ও (৩)-এর শিক্ষাগত যোগ্যতাসহ (ক) পাবলিক বিশ্ববিদ্যালয়ে/বেসরকারী বিশ্ববিদ্যালয়ে (বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক অনুমোদিত)/সরকারি কলেজে ৭ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা, অথবা (খ) অনার্স পর্যায়ের বেসরকারি ডিগ্রী কলেজে অনার্স শ্রেণীতে ৭ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা, অথবা (গ) কোন স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে ৭ বছরের গবেষণা কাজের অভিজ্ঞতা এবং সেই সাথে কোন স্বীকৃত জার্নালে ন্যূনতম ৩ (তিনটি) গবেষণা নিবন্ধ প্রকাশিত হয়ে থাকলে প্রার্থী পিএইচ ডি প্রোগ্রামে ভর্তি হতে পারবেন। এম.বি.বি.এস/বি.ডি.এস-র ক্ষেত্রে সরকারী মেডিকেল কলেজ/সরকারী হাসপাতাল/সরকার অনুমোদিত বেসরকারী হাসপাতাল/সরকার অনুমোদিত বেসরকারী মেডিকেল কলেজ/সরকারী মাতৃকমপেৱক্স/স্বাস্থ্য কমপেৱক্স/শিক্ষকতা/মেডিকেল অফিসার/চিকিৎসক/প্রশাসক হিসাবে দেশ/বিদেশে ৭ বছরের চাকুরীর অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীরা আবেদন করতে পারবেন। তবে, শিক্ষাজীবনে কোন পর্যায়ে দ্বিতীয় বিভাগ/শ্রেণী/সিজিপিএ ৩.০০-এর কম থাকলে ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবেন।

www.ru.ac.bd থেকে আবেদনপত্র ডাউন লোড করা যাবে অথবা ২০ (কুড়ি) টাকার ডাকটিকিট সংযুক্ত নিজ ঠিকানা সংবলিত খাম পাঠিয়েও ডাকযোগে ভর্তির আবেদনপত্র সংগ্রহ করা যাবে। পরিচালক, ইনস্টিটিউট অব বায়োলজিক্যাল সায়েন্সেস, রাজশাহী বিশ্ববিদ্যালয়-এর অনুকূলে ১০০০/= (এক হাজার) টাকার ব্যাংক ড্রাফট/জমার রশিদ, সঞ্চয়ী হিসাব নং-০৫৭৫০৭ অগ্রণী ব্যাংক, রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখায় জমা পূর্বক প্রার্থীর সকল পরীক্ষার সনদপত্র ও মার্কস সার্টিফিকেটের ফটোকপিসহ পূরণকৃত আবেদন পত্র 30 gvP, 2017 তারিখের মধ্যে অফিসে জমা দিতে/পৌছাতে হবে।

ভর্তির প্রাথমিক আবেদনপত্রে সরবরাহকৃত তথ্যাদি ভুল প্রমাণিত হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

স্বা/-
পরিচালক
ইনস্টিটিউট অব বায়োলজিক্যাল সায়েন্সেস

বিজ্ঞপ্তি নং- ২৪/৩৫/(২০১৭-২০১৮)/ইবাসা
সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. রেজিস্ট্রার, রাজশাহী/ঢাকা/খুলনা/চট্টগ্রাম/জাহাঙ্গীরনগর/বাংলাদেশ কৃষি/প্রকৌশল/শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি/উন্মুক্ত/হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি/ যশোর বিজ্ঞান প্রযুক্তি/পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি/বঙ্গবন্ধু কৃষি/কুমিলৱা বিজ্ঞান ও প্রযুক্তি/ জাতীয় বিশ্ববিদ্যালয়/গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।
২. সচিব .... মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
৩. ডীন / অধ্যক্ষ ....
৪. পরিচালক/সভাপতি..
৫. জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে স্নাতক পর্যায়ের কলেজ সমূহ।
৬. অফিস নথি ....

পরিচালক
ইনস্টিটিউট অব বায়োলজিক্যাল সায়েন্সেস
রাজশাহী বিশ্ববিদ্যালয়